Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল/হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/৪৩০

তারিখঃ ১৫ আশ্বিন ১৪৩২
৩০ সেপ্টেম্বর ২০২৫

**জরুরী**

প্রাপক:
**সম্মানিত সদস্য (সকল)**
বায়রা।

**বিষয়ঃ আকাশপথের যাত্রী সাধারণের স্বার্থ সংরক্ষণে এয়ার টিকেটের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধকল্পে নির্দেশনা প্রতিপালন**

সূত্র: জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের স্মারক নং- ২৬.০৪.০০০০.০০০.১১৬.৩১.০৮১১.২৫.১৮৭৬, তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

জনাব

আস্‌-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর আকাশপথের যাত্রী সাধারণের স্বার্থ সংরক্ষণে এয়ার টিকেটের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধকল্পে ১০টি নির্দেশনা জারি করেছে যা এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ২ পৃষ্ঠা, বর্ণনামতে।

বায়রা'র পক্ষে

**(মোঃ নজরুল ইসলাম)**
সচিব

**অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ**

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (দৃ:আ: মিস আফরোজা রহমান, উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার)।
২। প্রশাসক, বায়রা, ঢাকা।
৩। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৪। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

**BAIRA BHABAN:** 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd

বায়রা সচিবালয়, ঢাকা
সম্মানিত প্রশাসক
....................
ম্যানেজার/ওএস/এসও/এও/আইটিও/....................
রিসেপশনিষ্ট
ডকেট/ডায়েরী নং ৯৮০
তারিখ ও সময় 29/09/2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.০০০.১১৬.৩১.০৮১১.২৫. ১৮৭৮ তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রি:

বিষয়: আকাশপথের যাত্রীসাধারণের স্বার্থ সংরক্ষণে এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধকল্পে নির্দেশনা প্রতিপালন
সূত্র: বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ১১/০২/২০২৫ তারিখের ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০.৭০ সংখ্যক পরিপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পরিপত্রের প্রেক্ষিতে সরকার আকাশপথের যাত্রীসাধারণের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধকল্পে ১০টি নির্দেশনা জারি করেছে। সূত্রোক্ত পরিপত্রের নির্দেশনা সমূহের (ঘ) এ বর্ণিত **"সকল প্রকার এয়ার টিকিট অনলাইনে বিক্রয়ের ব্যবস্থা করিতে হইবে এবং বিক্রয়কৃত টিকিটের মূল্য অনলাইনে এবং টিকিটের গায়ে প্রদর্শিত থাকিতে হইবে"** এবং (চ) এ বর্ণিত **"এয়ারলাইন্স কিংবা ট্রাভেল এজেন্সিসমূহ সংশ্লিষ্ট বিমানসংস্থ কর্তৃক বেবিচক বরাবর দাখিলকৃত ভাড়ার অতিরিক্ত ভাড়ায় টিকিট বিক্রয় করা হইতে বিরত থাকিবে। একইসাথে ট্রাভেল এজেন্সিসমূহ বাধ্যতামূলকভাবে যাত্রীকে এয়ারলাইন্স হইতে প্রাপ্ত মূল্য-সম্বলিত টিকিট প্রদান এবং উক্ত টিকিট বিক্রয়ের রশিদ প্রদান করিবে"** নির্দেশনার ব্যত্যয়/লঙ্ঘণ ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী দন্ডনীয় অপরাধ। বর্ণিত নির্দেশনাসমূহের (ঘ) এবং (চ) নির্দেশনার ব্যত্যয়/লঙ্ঘণ হলে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২। এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

২৪।৯।২০২৫

(আফরোজা রহমান)
উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার)
ফোন: ০২-৫৫০১৩২১৪
ই-মেইল: dd-training@dncrp.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯;
২. সভাপতি, এভিয়েশন অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (এওএবি), ২ বীর উত্তম জিয়াউর রহমান রোড, বনানী, ঢাকা-১২১৩;
৩. সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা), বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০;
৪. সিইও/ম্যানেজিং ডিরেক্টর, ইউএস বাংলা এয়ারলাইন্স, বাড়ি-৭৭, সোহরাওয়ার্দী এভিনিউ, বারিধারা কূটনৈতিক অঞ্চল, ঢাকা-১২১২;
৫. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, অ্যাস্ট্রা এয়ারওয়েজ লিমিটেড, সিয়াম টাওয়ার, লেভেল-৬, প্লট#১৫, ঢাকা-ময়মনসিংহ রোড, সেক্টর# ৩, উত্তরা, ঢাকা-১২৩০;
৬. ব্যবস্থাপনা পরিচালক, নভোএয়ার, হাউজ-৫০, রোড-১১, ব্লক-এফ, বনানী, ঢাকা;

৭. মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব), সাততারা সেন্টার, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০;

৮. ব্যবস্থাপনা পরিচালক, শেয়ারট্রিপ লাউঞ্জ এজেন্সি, শেয়ারট্রিপ লাউঞ্জ (ঢাকা), ৩য় তলা, বাড়ি ১, রোড ১৭, ব্লক সি, বনানী, ঢাকা ১২১৩;

৯. ব্যবস্থাপনা পরিচালক, গোজায়ান এক্সপেরিয়েন্স এজেন্সি, শেলটেক আয়ান, বাড়ি ৫৮, রোড ৬ ও ১১, ব্লক সি, লেভেল ২, বনানী, ঢাকা;

১০. ব্যবস্থাপনা পরিচালক, ফ্লাই হাব ট্রাভেল বাংলাদেশ লিমিটেড, লেভেল-, ব্লক-কে, র‍্যাংগস প্যারামাউন্ট-২, প্লট ১১, রোড নং ১৭, ঢাকা ১২১৩;

১১. ব্যবস্থাপনা পরিচালক, ফ্লাইট এক্সপার্ট এজেন্সি, ফ্লাইট এক্সপার্ট ঢাকা (প্রধান শাখা), ৯০/১ মতিঝিল সিটি সেন্টার, লেভেল ২৫-বি-১, লিফট ২৬ ঢাকা ১০০০;

১২. ব্যবস্থাপনা পরিচালক, ট্রাভেল এক্সপার্ট এজেন্সি, ফ্ল্যাট: ৮সি, কনফিডেন্স সেন্টার, শাহজাদপুর, গুলশান, ঢাকা ১২১২;

১৩. ব্যবস্থাপনা পরিচালক, আকাশ বাড়ি হলিডেইস এজেন্সি, রোড: ৭, ব্লক জি, বাড়ি: ৪৩, ঢাকা-১২১৩, বনানী, ঢাকা;

১৪. ব্যবস্থাপনা পরিচালক, অবকাশ এজেন্সি, টাওয়ার এ (৫ম তলা/দক্ষিণ বাড়ি), # ১৩, বীর উত্তম আমিনুল হক সড়ক, কামাল আতাতুর্ক এভিনিউ, ঢাকা ১২১৩;

১৫. ব্যবস্থাপনা পরিচালক, এ.এস. ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম এজেন্সি, ২৯২, শতাব্দী সেন্টার, ৪র্থ তলা, স্যুট নং-৪-জি, ইনার সার্কুলার রোড, ফকিরাপুল, ঢাকা-১০০০;

১৬. ব্যবস্থাপনা পরিচালক, ট্যালন কর্পোরেশন এজেন্সি, বাড়ি # ১১/বি (৪র্থ তলা), রোড নং ১৩০ গুলশান-১, ঢাকা ১২১২;

১৭. ব্যবস্থাপনা পরিচালক, গ্যালাক্সি ট্রাভেল ইন্টারন্যাশনাল, তাজ ম্যারিয়ট, ৫ম তলা, ২৫ গুলশান এভিনিউ, বীর উত্তম মীর শওকত সড়ক;

১৮. ব্যবস্থাপনা পরিচালক, এমি অনলাইন ট্রাভেল এজেন্সি, মকবুল কিউব ইনভেঞ্চার, ১১ তলা, বাড়ি-০৭, ব্লক-ডি, রোড- বনানী, ঢাকা-১২১৩;

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১. সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩. চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪. পরিচালক (সকল), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ অধিশাখা
www.mocat.gov.bd

নম্বর-৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০:৭০

তারিখ: ২৮ মাঘ ১৪৩১ / ১১ ফেব্রুয়ারি ২০২৫

## পরিপত্র

**বিষয় : আকাশপথের যাত্রীসাধারণের স্বার্থ সংরক্ষণে এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধকল্পে নির্দেশনা**

সরকার আকাশপথের যাত্রীসাধারণের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে এয়ার টিকিটের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধকল্পে নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারি করিল :

(ক) অনতিবিলম্বে গ্রুপ-টিকিট বুকিংসহ যেকোনো প্রকার টিকিট বুকিংকালে ভ্রমণেচ্ছু যাত্রীর নাম, পাসপোর্ট নম্বর ও পাসপোর্টের ফটোকপিসহ বুকিং সম্পন্ন করিতে হইবে। বুকিং প্রদানের তিন দিনের মধ্যে সংশ্লিষ্ট যাত্রীর নামে টিকিট ইস্যু না হইলে উক্ত তিন দিন বা ৭২ ঘন্টা উত্তীর্ণ হইবার সঙ্গে সঙ্গে এয়ারলাইন্স স্বয়ংক্রিয় পদ্ধতিতে উক্ত টিকিট বাতিলকরণ নিশ্চিত করিবে;

(খ) এই পরিপত্র জারির তারিখ পর্যন্ত এয়ারলাইন্স / ট্রাভেল এজেন্সি কর্তৃক গ্রুপ-বুকিং এর মাধ্যমে ইতোমধ্যে ব্লককৃত টিকিট আগামী সাত দিনের মধ্যে ভ্রমণেচ্ছু যাত্রীর নাম, পাসপোর্ট নম্বর এবং পাসপোর্টের কপিসহ বিক্রয় নিশ্চিত করিতে হইবে। অন্যথায় পরবর্তী তিন দিনের মধ্যে সংশ্লিষ্ট এয়ারলাইন্স এরূপ টিকিটসমূহ স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাতিল নিশ্চিত করিবে;

(গ) গ্রুপ-বুকিং এর ক্ষেত্রে টিকিটের প্রকৃত বিক্রয়মূল্য বিক্রয়ের সঙ্গে সঙ্গে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়কে অবহিত করিতে হইবে এবং মন্ত্রণালয় উহা জনগণের অবগতির জন্য নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিবে;

(ঘ) সকল প্রকার এয়ার টিকিট অনলাইনে বিক্রয়ের ব্যবস্থা করিতে হইবে এবং বিক্রয়কৃত টিকিটের মূল্য অনলাইনে এবং টিকিটের গায়ে প্রদর্শিত থাকিতে হইবে;

(ঙ) এয়ারলাইন্স এবং ট্রাভেল এজেন্সিসমূহ আবশ্যিকভাবে বেসামরিক বিমান চলাচল বিধিমালা, ১৯৮৪ এর বিধি ২৮৯ এ বর্ণিত বাধ্যবাধকতা অনুযায়ী যথাযথভাবে Tariff filling এর বিধান প্রতিপালন করিবে এবং বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) অনুমোদিত Tariff বেবিচকের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিবে;

(চ) এয়ারলাইন্স কিংবা ট্রাভেল এজেন্সিসমূহ সংশ্লিষ্ট বিমানসংস্থা কর্তৃক বেবিচক বরাবর দাখিলকৃত ভাড়ার অতিরিক্ত ভাড়ায় টিকিট বিক্রয় করা হইতে বিরত থাকিবে। একইসাথে ট্রাভেল এজেন্সিসমূহ বাধ্যতামূলকভাবে যাত্রীকে এয়ারলাইন্স হইতে প্রাপ্ত মূল্য-সম্বলিত টিকিট প্রদান এবং উক্ত টিকিট বিক্রয়ের রশিদ প্রদান করিবে;

(ছ) চাহিদা না থাকা সত্ত্বেও কিংবা চাহিদার অতিরিক্ত টিকিট মজুদ করিয়া অন্য এজেন্টের মাধ্যমে এয়ার টিকিট বিক্রয়ের কারণে টিকিটের মূল্য বৃদ্ধি পাইলে বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি-১৫ অনুযায়ী মূল ট্রাভেল এজেন্সির নিবন্ধন সনদ স্থগিত / বাতিল করা হইবে;

(জ) বাংলাদেশে ফ্লাইট পরিচালনাকারী এয়ারলাইন্স এবং ট্রাভেল এজেন্সিসমূহ ওয়ার্ক ভিসা নিয়ে বিদেশগামী শ্রমিক / কর্মীদের জন্য বিশেষ বিমান ভাড়ার (special airfare) ব্যবস্থা করিবে;

(ঝ) মধ্যপ্রাচ্য ও মালয়েশিয়াসহ প্রবাসী কর্মীদের টিকিট ভাড়া কমানোর জন্য আগামী সাত দিনের মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ সকল এয়ারলাইন্স ও বোর্ড অব এয়ারলাইন্স রিপ্রেজেন্টেটিভস (বিএআর) পদক্ষেপ গ্রহণ করিবে;

(ঞ) বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ অনুযায়ী অনিবন্ধিত ট্রাভেল এজেন্সির মাধ্যমে টিকিট বিক্রয় বন্ধ করিতে হইবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

১১.০২.২০২৫

রুমানা ইয়াসমিন
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০১২৩৭
Email:dsca2@mocat.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৪. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০
৫. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা
৯. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা (দেশি-বিদেশি সকল এয়ারলাইন্সকে অবহিতকরণের অনুরোধসহ)
১০. অতিরিক্ত সচিব (পর্যটন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নিবন্ধিত সকল ট্রাভেল এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ)
১১. মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার (টিসিবি ভবন ৮তম তলা), ঢাকা-১২১৫
১২. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা মহাপরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
১৩. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা [পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ৫০০ (পাঁচশত) কপি প্রেরণের জন্য অনুরোধক্রমে]
১৬. প্রোগ্রামার (আইসিটি সেল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৭. চেয়ারম্যান, বোর্ড অব এয়ারলাইন্স রিপ্রেজেন্টেটিভস (BAR), কুর্মিটোলা, ঢাকা
১৮. সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা), বায়রা ভবন, ১৩০, নতুন ইস্কাটন রোড, ঢাকা-১০০০
১৯. সভাপতি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ (ATAB), সাততারা সেন্টার (১৬ তলা), নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।
২০. সভাপতি, ট্যুর অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (টোয়াব), ৩য় তলা, আজম খান বিজনেস সেন্টার, ১০৫/ই পশ্চিম আগারগাঁও, কামাল সরণি, ঢাকা-১২০৭
২১. সভাপতি, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তার সেন্টার, ১৬ তলা, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০